

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অর্থ শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,

ঢাকা-১০০০।

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১.২১.৩২

তারিখ: ২১ ভাদ্র ১৪২৮

০৫ সেপ্টেম্বর ২০২১

বিষয়: বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (সর্বশেষ সংশোধন/পরিমার্জন) অনুযায়ী ইবতেদায়ি প্রধান পদে নিয়োগের এখতিয়ার প্রদান এবং দাখিল মাদ্রাসায় গবেষণাগার/ল্যাব সহকারী পদে নিয়োগে স্পষ্টীকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৪.০০৩.০০৮.১৯-২৭৫, তারিখ: ১৯.১২.২০১৯খ্রি.

(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৪.০০২.২০-২২৩, তারিখ: ২৩.১১.২০২০ খ্রি.

(৩) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১.২০-১২, তারিখ: ১০.১২.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে, “বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮” বিগত ১৯/০৭/২০১৮ তারিখে জারী হওয়ায় সূত্রোক্ত (১) নং স্মারকে নতুন পদে নিয়োগের রোডম্যাপ অনুমোদন দেয়া হয়। সূত্রোক্ত (২) নং স্মারকে “বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত)” সংশোধন করা হয়। উক্ত সংশোধিত নীতিমালার ২৭ (গ) নং অনুচ্ছেদে ‘জনবল কাঠামোতে নবসৃষ্ট পদসমূহে পর্যায়ক্রমে ৫ (পাঁচ) বছরে পূরণযোগ্য’ হবে মর্মে উল্লেখ আছে।

(২) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (সর্বশেষ সংশোধন/পরিমার্জন) এর পরিশিষ্ট (ঘ) এর ৩১নং ক্রমিকের ইবতেদায়ি প্রধান পদটি দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসার ইবতেদায়ি স্তরে বিদ্যমান রয়েছে। ইবতেদায়ি প্রধানের বেতন কোড পূর্বের ১৫ কোডের পরিবর্তে ১১ কোডে এবং ০৮ (আট) বছরের অভিজ্ঞতা নির্ধারণ করা হয়েছে। অভিজ্ঞতার শর্ত সম্বলিত উচ্চতর স্কেল পদগুলোতে (সুপার/ সহসুপার/ অধ্যক্ষ/ উপাধ্যক্ষ সহ অন্যান্য) নিয়োগের এখতিয়ার মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের প্রতিনিধিসহ প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি কর্তৃক গঠিত নিয়োগ কমিটির। সংশোধিত জনবল কাঠামো কার্যকর হওয়ার পূর্বে ইবতেদায়ি প্রধান পদটি অভিজ্ঞতার শর্তবিহীন এবং এন্ট্রি লেভেলের পদ ছিল বিধায় NTRCA’র মাধ্যমে নিয়োগ সম্পন্ন হতো। ইবতেদায়ি প্রধান পদে নিয়োগের ক্ষেত্রে অভিজ্ঞতা সংযোজন হওয়ার পর এন্ট্রি লেভেলের পদ থাকেনা ফলে এ পদে নিয়োগ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের প্রতিনিধিসহ প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি কর্তৃক গঠিত নিয়োগ কমিটির এখতিয়ারে থাকার বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা প্রয়োজন।

(৩) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (সর্বশেষ সংশোধন/পরিমার্জন)-এর অনুচ্ছেদ ৬.১ (ক) এর ২২ নং ক্রমিকে দাখিল স্তরের মাদ্রাসায় গবেষণাগার /ল্যাব সহকারী পদের কথা বলা আছে। ২০২১-২০২২ অর্থবছর থেকে দাখিল মাদ্রাসাসমূহে গবেষণাগার /ল্যাব সহকারী পদে নিয়োগের নিমিত্তে সূত্রোক্ত (১) নং স্মারকে রোডম্যাপ অনুমোদন করা আছে। জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮(সর্বশেষ সংশোধন /পরিমার্জন)-এর অনুচ্ছেদ ৬.১ (খ) এর ৩০নং ক্রমিকে আলিম মাদ্রাসায়, ৬.১ (গ) এর ৩১নং ক্রমিকে ফাজিল মাদ্রাসায় এবং ৬.১ (ঘ) এর ৩৯নং ক্রমিকে কামিল মাদ্রাসায় “গবেষণাগার /ল্যাব সহকারী (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, জীববিজ্ঞান বিষয়ে ল্যাব চালু থাকলে)” পদের কথা বলা আছে কিন্তু দাখিল মাদ্রাসার ক্ষেত্রে গবেষণাগার /ল্যাব সহকারী পদে নিয়োগে সুনির্দিষ্ট কিছু বলা নেই। ফলে দাখিল মাদ্রাসায় এই পদে নিয়োগে জটিলতা

সৃষ্টি হচ্ছে। দাখিল মাদ্রাসায় গবেষণাগার /ল্যাব সহকারী পদে নিয়োগে আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসার নীতিমালায় বর্ণিত বিষয়টি বিবেচনা করা হবে নাকি অন্য কোন বিষয় বিবেচনায় আনা হবে সে বিষয়ে সিদ্ধান্ত/নির্দেশনা প্রয়োজন।

(৪) এমতাবস্থায়, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (সর্বশেষ সংশোধন/পরিমার্জন) অনুযায়ী ইবতেদায়ী প্রধান পদে নিয়োগের লক্ষ্যে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের প্রতিনিধিসহ প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি কর্তৃক গঠিত নিয়োগ কমিটিকে এখতিয়ার প্রদানের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো। তাছাড়া দাখিল মাদ্রাসায় গবেষণাগার/ল্যাব সহকারী পদে নিয়োগের বিষয়টি জনবল কাঠামোতে স্পষ্টায়মান করে নির্দেশনা প্রদানের জন্যও মহোদয়কে বিনীত অনুরোধ করাহলো।

সংযুক্তি: ০৪ ফর্দ।



৫-৯-২০২১

কে, এম, বৃহল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১.২১.৩২/১(৫)

তারিখ: ২১ ভাদ্র ১৪২৮
০৫ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও উন্নয়ন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) অতিরিক্ত সচিব, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) উপসচিব, এমপিও শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৪) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর



৫-৯-২০২১

মোঃ লুৎফর রহমান

সহকারী পরিচালক